দৈনিক ইত্তেফাক

25 FEB 2015

# কালিগঞ্জে শিক্ষা অফিসারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

■ সাতক্ষীরা প্রতিনিধি

সাতক্ষীরার কালিগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার আবু হেনা মোস্তফা কামালের বিরুদ্ধে নানাবিধ অনিয়ম-দুর্নীতির অভিযোগ উঠেছে। তার দ্রুত অপসারণ ও শাস্তির দাবিতে অভিযোগ দিয়েছেন বাংলাদেশ প্রাথমিক বিদ্যালয় সহকারী শিক্ষক সমিতি কালিগঞ্জ উপজেলা শাখার নেতৃবৃন্দ। তার সহায়তাকারী অফিস সহকারী শাহ আলম ওরফে সাজুর বিরুদ্ধেও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আবেদন জানানো হয়েছে।

লিখিত আবেদনে তারা জানান, শিক্ষা অফিসার আবু হেনা মোস্তফা কামাল ২০১৩-১৪ অর্থবছরে স্লিপ বাবদ প্রতি বিদ্যালয়ের জন্য বরাদ্দকৃত ৩০ হাজার টাকার ভ্যাট বাবদ ১ হাজার ২শ' টাকার স্থলে ২ হাজার ৫শ' টাকা হারে আদায় করে ১ লাখ ৭০ হাজার টাকা আত্মসাৎ করেছেন। অর্থ ছাড়া শিক্ষকদের বদলি, টাইম স্কেলসহ বিভিন্ন ফাইলে স্বাক্ষর করেন না। এসব বিষয়ে প্রতিকারের জন্য সিনিয়র সহকারী সচিব প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশ দিয়েছেন। এরপর থেকে দুর্নীতিবাজ শিক্ষা অফিসার আবু হেনা মোস্তফা কামাল তার অনিয়ম-দুর্নীতি ধামাচাপা দিয়ে নিজেকে নির্দোষ প্রমাণের লক্ষ্যে তিনি বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষকদের ভয়-ভীতি দেখিয়ে সাদা কাগজে স্বাক্ষর করিয়ে নিচ্ছেন বলে জানা গেছে।

> অর্থ ছাড়া শিক্ষকদের বদলি, টাইম স্কেলসহ বিভিন্ন ফাইলে স্বাক্ষর করেন না। প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালককে তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের নির্দেশ

এর আগে মাগুরা জেলার শালিখা উপজেলায় কর্মরত থাকাকালে আবু হেনা মোস্তফা কামালের বিরুদ্ধে ব্যাপক অনিয়ম, দুর্নীতি ও অর্থ আত্মসাতের অভিযোগ ওঠে। এর প্রেক্ষিতে প্রতিবেদনে শিক্ষকদের বেতন-ভাতা বিল থেকে টাকা কেটে রাখা, প্রাথমিক ও ইবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় বিভিন্ন কর্মকর্তা, শিক্ষক-কর্মচারীসহ বিভিন্ন ব্যক্তির নাম দিয়ে ভুয়া বিল ভাউচার তৈরি করে লক্ষাধিক টাকা আত্মসাতের সুস্পষ্ট প্রমাণ পেয়েছেন।

এ ব্যাপারে কালিগঞ্জ উপজেলা শিক্ষা অফিসার আবু হেনা মোস্তফা কামাল জানান, তার বিরুদ্ধে যে অভিযোগ আনা হয়েছে তা সঠিক নয়। তিনি আরো জানান, ওই অভিযোগ পত্রে যে স্বাক্ষর করা হয়েছে তা সবই জাল স্বাক্ষর।